

**টেক্সটাইল, গার্মেন্টস এবং পোশাক শিল্পে শ্রমিকদের সাধারন ট্রেড ইউনিয়ন/ জর্ডান**



# কৌশলগত পরিকল্পনা ২০২১-২০২৬

## সূচিপত্র


সূচিপত্র ১

সভাপতির চিঠি ২

ভুমিকা ৩

সাংগঠনিক দর্শন/লক্ষ্য ৪

সাংগঠনিক মিশন ৫

কৌশলগত উদ্দেশ্য ৬

লিঙ্গ সমতা প্রচারঃ একটি ক্রস-কাটিং কৌশলগত বিষয় ৭

কৌশলগত উদ্দেশ্য-১: গার্মেন্টস কর্মীদের সাথে যোগাযোগ এবং সম্পর্ক উন্নয়ন ৮

কৌশলগত উদ্দেশ্য-২: জর্ডানের পোশাক শিল্পে শিল্প/বাণিজ্যিক সম্পর্ক উন্নয়ন ৯

কৌশলগত উদ্দেশ্য-৩: ইউনিয়নের পরিচালনাগত এবং সাংগঠনিক দক্ষতা শক্তিশালী করা ১০


## সভাপতির চিঠি

টেক্সটাইল, গার্মেন্টস এবং পোশাক শিল্পে শ্রমিকদের সাধারন ট্রেড ইউনিয়নের প্রতি শ্রমিকদের সমর্থন আমাদের সংস্থাকে শক্তিশালী করে। এর সাথে সাথে উৎপাদন প্রক্রিয়ার সাথে জড়িত পক্ষগুলোর (শ্রমিক ও মালিক) মধ্যে একটি ভারসাম্যপূর্ণ সম্পর্কের অবকাঠামোর মধ্যে শ্রমিকদের অধিকার রক্ষা এবং উন্নয়নের যে মিশন আমাদের আছে, তার প্রতি শ্রমিকদের আস্থাও আমাদের এই সংগঠনকে শক্তি যোগায়। ইউনিয়ন পোশাক উৎপাদনকারীদের বাস্তবতাকে হুমকির মুখে না ফেলে সবসময় শ্রমিকদের অধিকার নিশ্চিত করার মাধ্যমে এই ভারসাম্য অর্জনের চেষ্টা করে, যাতে শ্রমিকদের কাজের স্থায়িত্ব নিশ্চিত করা যায়।

এইভাবে, ইউনিয়ন- এই খাতের বহু শ্রমিকের প্রতিনিধি হিসাবে – এর প্রতিষ্ঠার পর থেকে বিভিন্ন যৌথ চুক্তি স্বাক্ষর করার পাশাপাশি ২০১৩ সাল থেকে বিভাগীয় চুক্তির বিষয়ে আলোচনার জন্য কাজ করে এসেছে। এই চুক্তিগুলির লক্ষ্য হলো শ্রমিকদের সুযোগ সুবিধা উন্নত করা এবং তাদের চাকরির সুরক্ষা নিশ্চিত করা, এবং সেইসাথে মালিকদের সাথে সুষম সম্পর্ক তৈরি করা। অভিবাসী, শরণার্থী এবং জর্ডানীয় শ্রমিকদের জন্য একটি সমন্বিত চুক্তিও গৃহীত হয়েছে। সব মিলিয়ে, এই চুক্তিগুলিকে ট্রেড ইউনিয়নের একটি গঠনমূলক মাইলফলক হিসাবে বিবেচনা করা হয়, এবং আমরা আশা করি যে, আমাদের সামাজিক অংশীদারদের সমর্থনের সাহায্যে এ ধরনের অর্জন অব্যাহত থাকবে।

একইসাথে, ইউনিয়নটি তার সমস্ত অভিবাসী এবং জর্ডানীয় সদস্যদের নিয়ে গর্ব করে, যার ৭৬ শতাংশ অভিবাসী শ্রমিক। এর পেছনে কারণ হলো, এই ইউনিয়ন শ্রম ও সামাজিক সুরক্ষা আইনগুলিতে সংশোধন আনার জন্য কাজ করেছে, যাতে এটি অভিবাসী শ্রমিকদের প্রতিনিধিত্ব করতে পারে এবং আইনের চোখে যাতে জর্ডানীয় এবং অভিবাসী শ্রমিক উভয়ে সমান হিসেবে বিবেচিত হয়, সেজন্যও এই ইউনিয়ন কাজ করেছে। ইউনিয়ন, অভিবাসী কর্মীদের কর্মস্থলে যেয়ে ইউনিয়নের সাথে তাদের পরিচিত করার জন্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে সবসময় আগ্রহী। আমরা আশা করি যে, এই জাতীয় কর্মশালার আয়োজন এবং সচেতনতা বৃদ্ধির প্রচারণা অব্যাহত থাকবে, কারণ এগুলো অভিবাসী কর্মীদেরকে তাদের অধিকার এবং কর্তব্য সম্পর্কে অবহিত করার জন্য ব্যবহৃত একটি প্রধান সরঞ্জাম/কৌশল। অধিকন্তু, ইউনিয়নটি এই সেক্টরে প্রচুর সংখ্যক মহিলা কর্মীর প্রতিনিধিত্ব নিয়ে গর্ব করে, যা এই ইউনিয়নের সদস্যপদের ৭০ শতাংশেরও বেশি। এটি ইউনিয়নকে মহিলা কর্মীদের জন্য সব ধরনের সহিংসতা বা হয়রানিমুক্ত উপযুক্ত কাজের পরিবেশ নিশ্চিত করার জন্য আইনী সংশোধনের আহ্বান জানিয়ে প্রচেষ্টা চালানোর জন্য অনুপ্রাণিত করে। এই ভিত্তি থেকেই, এবং এই সেক্টরে মহিলাদের অংশগ্রহণ বাড়ানোর প্রয়াসের অংশ হিসাবে এই ইউনিয়ন শ্রম আইন এবং বিভাগীয় যৌথ দরকষাকষি চুক্তির মধ্যে একটি ধারা যুক্ত করার জন্য আগ্রহী হয়েছিল, যার আওতায় সকল হয়রানিমূলক আচরণকে অপরাধ হিসাবে বিবেচনা করা হয়। আমরা সবসময় আমাদের সামাজিক অংশীদারদের কাছ থেকে সকল ধরণের হয়রানি প্রতিরোধে বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা, শিক্ষা পাঠ্যক্রম উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধির প্রচারণায় সহায়তা পাওয়ার আশা করি। এছাড়াও, ইউনিয়ন সবসময় মহিলাদের অংশগ্রহণকে অনুপ্রাণিত করার জন্য তৈরি এই অবকাঠামোর মধ্যে কর্মক্ষেত্রে শিশুযত্ন পরিষেবা এবং কর্মজীবী মহিলাদের জন্য ভাতা নিশ্চিত করার চেষ্টা করে। আমাদের ইউনিয়ন সবসময় শ্রমিকদের অধিকারে গর্বিত বিশ্বাসী হলেও এই খাতে বিনিয়োগকারী সংস্থাগুলিকে কোনভাবেই বাধাগ্রস্ত করে না, এবং এটি গার্মেন্টস মালিকদের উৎপাদন ও ইউটিলিটি ব্যয় হ্রাস করার দাবির ব্যাপারে সর্বদা তাদের পাশে দাঁড়িয়েছে এবং তাদেরকে বিভিন্ন রফতানি বাজারে প্রবেশে এবং তাদের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করেছে।

টেক্সটাইল, গার্মেন্টস এবং পোশাক শিল্প শ্রমিকদের সাধারণ ট্রেড ইউনিয়ন বিশ্বাস করে যে, শ্রমিকরা উৎপাদন ও বিকাশের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। এই কারণে, আমাদের কার্যনির্বাহী কমিটি সারা দেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা কর্মস্থলে কর্মীদের কাছে পৌঁছানোর লক্ষ্য স্থির করেছে এবং এই লক্ষ্য অর্জনের জন্য একটি পরিকল্পনা তৈরি করেছে। আমরা যেন শ্রমিকদের জন্য কর্মশালা এবং প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করতে পারি, সেজন্য আমরা আমাদের অংশীদারদের কাছ থেকে  সহায়তা পাওয়ার আশা রাখি, যাতে ট্রেড ইউনিয়ন এবং এর প্রচেষ্টায় স্বাক্ষরিত বিভাগীয় যৌথ চুক্তিগুলোর সাথে আমরা তাদের পরিচিত করতে পারি এবং সম্ভাব্য সর্বোচ্চ সংখ্যক শ্রমিকদের কাছে আমাদের বার্তা পৌঁছে দিতে পারি।

**ফাতহাল্লাহ আল-ওমরানী**
সভাপতি, শ্রমিক সাধারণ ট্রেড ইউনিয়ন,
টেক্সটাইল, গার্মেন্টস এবং পোশাক শিল্প, জর্ডান

## ভূমিকা

জর্ডানের পোশাক শিল্প দেশের শীর্ষস্থানীয় রপ্তানী শিল্পগুলির মধ্যে একটি। ২০২০ সালে পোশাক ও সংশ্লিষ্ট পণ্যের রপ্তানীর মূল্য ছিল ১.৬ বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি, যা জর্ডানের মোট রপ্তানির প্রায় ২২ শতাংশ ছিল। এই সেক্টরে বর্তমানে ৮০ টিরও বেশি রপ্তানীমুখী পোশাক কারখানা চালু রয়েছে, যেখানে ৬৬,০০০-এর বেশি শ্রমিক নিযুক্ত রয়েছে, যার মধ্যে প্রায় ৭৫ শতাংশ অভিবাসী এবং ৭৩ শতাংশ মহিলা শ্রমিক।

১৯৫৪ সালে প্রতিষ্ঠার পর থেকে টেক্সটাইল, গার্মেন্টস এবং পোশাক শিল্প/ জর্ডান (জেটিজিসিইউ)-এর শ্রমিকদের সাধারণ ট্রেড ইউনিয়ন এই সেক্টরে শ্রমিকদের অধিকার রক্ষা এবং অগ্রগতির জন্য কাজ করেছে। কয়েক দশক ধরে, দেশব্যাপী গার্মেন্টস শ্রমিকদের নিযুক্ত করার ক্ষমতা অর্জনের মাধমে জেটিজিসিইউ (JTGCU) জর্ডানের বৃহত্তম শ্রমিকদের একটি প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বর্তমানে, জর্ডানীয় এবং অভিবাসীসহ ট্রেড ইউনিয়নের প্রায় ২০,০০০ শ্রমিক সদস্যপদ রয়েছে। এর অনেকগুলো উল্লেখযোগ্য সাফল্যের মধ্যে একটি হচ্ছে, এটি জর্ডানের তিনটি বড় পোশাক শিল্প অঞ্চলের সবগুলোতে এর শাখা প্রতিষ্ঠা করেছে, এবং পাশাপাশি ৬১টি কারখানা-পর্যায়ের ইউনিয়ন কমিটি প্রতিষ্ঠা করেছে। অভিবাসী কর্মী সংগঠকদের সংগঠনের মাধ্যমে জেটিজিসিইউ ভাষার সেইসব বাধাগুলি কাটিয়ে বিভিন্ন জাতীয়তার প্রবাসী শ্রমিকদের সাথে কার্যকরভাবে সংযুক্ত হওয়ার দক্ষতা তৈরি করেছে, যে বাধাগুলো জর্ডানে পোশাক শ্রমিকদের কার্যকরভাবে সংগঠিত করার দক্ষতা দীর্ঘসময় ধরে বাধাগ্রস্থ করেছিল। জেটিজিসিইউ জর্ডানে শিল্প সম্পর্ক উন্নয়নেও অগ্রণী ভূমিকা পালন করেছে। আজ, এই পোশাক শিল্প দেশটির একমাত্র অর্থনৈতিক ক্ষেত্র, যার একটি বিস্তৃত বিভাগীয় যৌথ দরকষাকষি চুক্তি (সিবিএ) রয়েছে, যার বিধানগুলি বাস্তবায়ন সংক্রান্ত ক্ষেত্রে একটি নিয়মতান্ত্রিক কলাকৌশল নির্ধারণ করেছে।

যেহেতু নতুন কার্যনির্বাহী কমিটি ২০২১-২০২৬ মেয়াদে জেটিজিসিইউ-এর নেতৃত্ব গ্রহণ করেছে, এই সাংগঠনিক কৌশল ইউনিয়নের অর্জনসমূহকে আরও বাড়িয়ে তোলার এবং নতুনভাবে তার কাজকে সম্প্রসারণের ক্ষেত্রে এগিয়ে যাওয়ার পথকে প্রশস্ত করতে কাজ করবে। গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, জেটিজিসিইউ-এর বিস্তৃতির সাথে সাথে জর্দানের পোশাক শিল্পে এর ভূমিকাও বিকশিত হচ্ছে। ট্রেড ইউনিয়ন তার কার্যক্রমের একটি নতুন ধাপে প্রবেশ করছে, যেখানে তারা আরও বেশি শ্রমিক এবং বিভাগীয় সিবিএ বাস্তবায়নের সাথে সম্পর্কিত দায়িত্ব পালনে কাজ করবে। ইউনিয়ন এই পর্যায়ে প্রবেশ করার সাথে সাথে সাধারণ ট্রেড জেটিজিসিইউ-এর জন্য এমন একটি জর্ডানীয় পোশাক শিল্প প্রতিষ্ঠার

> *এমন একটি জর্ডানীয় পোশাক শিল্প প্রতিষ্ঠা করা, যেখানে প্রতিটি শ্রমিকের ন্যায্য মজুরি লাভের, এবং একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশে কাজ করার ন্যায়সঙ্গত অধিকার থাকবে।*

লক্ষ্য বাস্তবায়নের উদ্দেশ্যে কৌশলগত পন্থা অবলম্বন করা জরুরি হয়ে পড়েছে, যেখানে প্রতিটি শ্রমিকের ন্যায্য মজুরি লাভের, এবং একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশে কাজ করার ন্যায়সঙ্গত

> *জর্ডানে গার্মেন্টস শ্রমিকদের অধিকার এবং স্বার্থ রক্ষা এবং এগুলোকে সামনে এগিয়ে নিয়ে যাওয়া।*

অধিকার থাকবে।

## সাংগঠনিক দর্শন/লক্ষ্য

## সাংগঠনিক মিশন

## কৌশলগত উদ্দেশ্য




## লিঙ্গ সমতা প্রচার: একটি ক্রস-কাটিং কৌশলগত বিষয়

জর্ডানের রপ্তানীমুখী পোশাক শিল্পে মহিলারা ৭০ শতাংশেরও বেশি শ্রমশক্তি দিয়ে থাকে। যদিও এই খাতটি মহিলাদের জন্য অনেক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে, তবুও চলমান লিঙ্গ বৈষম্য উদ্বেগের

একটি বড় বিষয় হয়ে দাঁড়িয়েছে। প্রথমত, মহিলা পোশাক শ্রমিকরা কারখানায় স্বল্প বেতনে কাজ করে থাকেন, যেখানে পুরুষদের তুলনামূলকভাবে বেশী বেতনের তত্ত্বাবধায়ক পদে রাখা হয়। এছাড়াও, জর্ডানের প্রায় ১৮ শতাংশ পোশাক শ্রমিক বলেছেন যে, যৌন হয়রানি তাদের কর্মক্ষেত্রে একটি বড় সমস্যা। পোশাক শিল্পক্ষেত্রে বৃহৎ সংখ্যক মহিলা শ্রমিক এবং তাদেরকে যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, তা মাথায় রেখে জর্ডানীয় পোশাক শিল্পে লিঙ্গ বৈষম্য দূরীকরণকে দীর্ঘদিন ধরেই জেটিজিসিইউ বিশেষ প্রাধান্য দিয়ে এসেছে, এবং আগামী পাঁচ বছরও তাই করবে। জর্ডানে মহিলা পোশাক শ্রমিকদের সমতা অর্জনের জন্য সঙঘবদ্ধ হওয়া এই কৌশলের একটি মূল ক্রস-কাটিং বিষয়। জেটিজিসিইউর ২০২১-২০২৬ কৌশল বিভিন্ন সাফল্য এবং ক্রিয়াকলাপের মাধ্যমে জর্ডানীয় পোশাক শিল্পে লিঙ্গ সমতা তুলে ধরতে চায়। পুরো বিষয়টি নিচে আলোচনা করা হয়েছে এবং ♁ প্রতীক দ্বারা চিহ্নিত করা হয়েছে ।

- **কৌশলগত উদ্দেশ্য-১: গার্মেন্টস কর্মীদের সাথে যোগাযোগ এবং সম্পর্ক উন্নয়ন**

    - জেটিজিসিইউর সদস্যপদে নারীদের আনুপাতিকভাবে প্রতিনিধিত্ব করা হচ্ছে কিনা, তা সনাক্ত করার জন্য লিঙ্গভিত্তিক সদস্যপদ সংক্রান্ত তথ্য লাভের অনুমতি পাওয়া একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ, তবে ট্রেড ইউনিয়ন বর্তমানে এই তথ্য সংগ্রহ করে না। এই কৌশলের ফলাফল ১.১.১ এই তথ্য সংগ্রহের কাজে নিয়জিত।
    - এই কৌশলের গঠন উপাদান ১.২ চাহিদাভিত্তিক শ্রমিক সনাক্ত এবং সরবরাহ করার সাথে জড়িত। কোন পরিষেবাগুলি সরবরাহ করতে হবে, তা চিহ্নিত করার ক্ষেত্রে মহিলা পোশাক শ্রমিকদের যেসব লিঙ্গ-নির্দিষ্ট চাহিদা থাকতে পারে, সেগুলোকে বিশেষ বিবেচনায় রাখা হবে।

- **কৌশলগত উদ্দেশ্য-৩: ইউনিয়নের পরিচালনা এবং সাংগঠনিক দক্ষতা শক্তিশালী করা**

    - এই কৌশলের গঠন উপাদান ৩.১ আন্তর্জাতিক গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন আন্দোলনের নীতি অনুসারে জেটিজিসিইউতে ট্রেড ইউনিয়ন গণতন্ত্রকে জোরদার করার সাথে জড়িত।
    - এই গঠন উপাদানটি ট্রেড ইউনিয়ন নির্বাচনে বিবিধ শ্রমিকের অংশগ্রহণ এবং প্রতিনিধিত্ব নিশ্চিত কররা বিষয়টিকে বিশেষ বিবেচনায় রাখবে, যেখানে শুধুমাত্র মহিলা শ্রমিকদের জন্য আলাদা একটি গঠন উপাদান থাকবে।
    - এই কৌশলের গঠন উপাদান ৩.২ জেটিজিসিইউর সাধারণ পরিষদের ভূমিকা বাড়ানোর জন্য কাজ করে। এই কৌশল বিভিন্ন ইউনিয়ন কাঠামো এবং ক্রিয়াকলাপে মহিলা শ্রমিকরা আনুপাতিকভাবে প্রতিনিধিত্ব করতে পারছে কিনা, তা নিশ্চিত করার সাথে জড়িত।

- এই কৌশলের গঠন উপাদান ৩.৩ এবং ৩.৪ এর লক্ষ্য জেজিটিসিইউতে মহিলাদের উপকমিটির ভূমিকা জোরদার করা। এটা প্রথমবারের মতো লিঙ্গ সমতা নিয়ে জেটিজিসিইউ-এর খসড়া বিবৃতি প্রস্তুত করবে, যা কার্যনির্বাহী কমিটিতে গৃহীত হবে এবং ট্রেড ইউনিয়নের সদস্যদের মধ্যে প্রচার করা হবে।

## কৌশলগত উদ্দেশ্য-১: গার্মেন্টস কর্মীদের সাথে যোগাযোগ এবং সম্পর্কের উন্নয়ন

শ্রমিকদের এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে কার্যকর যোগাযোগ এবং সম্পর্ক উন্নয়ন শ্রমিক স্বার্থকে কার্যকরভাবে উপস্থাপন এবং এই ক্ষেত্রে শ্রম পরিস্থিতি পর্যবেক্ষণের ক্ষমতাসহ জেটিজিসিইউ-এর বিভিন্ন কাজ সম্পাদনের দক্ষতার মূল চাবিকাঠি। গার্মেন্টস কর্মীদের সাথে বৃহৎ পরিসরে সংযুক্ত থাকা এবং তাদের সাথে শক্তিশালী চ্যানেলের মাধ্যমে যোগাযোগ স্থাপন সদস্য আকৃষ্ট করা এবং তাদের ধরে রাখার ক্ষেত্রে ইউনিয়নের ক্ষমতা বৃদ্ধি করবে।

পোশাক শিল্প কর্মীদের সাথে যোগাযোগের মাধ্যমে ইউনিয়নের দক্ষতার উন্নয়নের বেশ কয়েকটি সুযোগ চিহ্নিত করা হয়েছেঃ

১. ট্রেড ইউনিয়নের যোগাযোগ উন্নয়নভিত্তিক ক্রিয়াকলাপের ক্ষেত্র আরও বিস্তৃত করা এবং এদের বাস্তবায়ন সাশ্রয় করার জন্য ডিজিটাল যোগাযোগ ও সামাজিক গণমাধ্যমকে কাজে লাগানো
২. ইউনিয়নের যোগাযোগ অবকাঠামোকে জোরদার করা
৩. ইউনিয়নটির কার্যক্রম সম্পর্কে কম সচেতন পোশাক শ্রমিক, বিশেষ করে অল্প লেখাপড়া জানা এবং সেইসাথে জর্ডানীয় শ্রমিকদের সাথে যোগাযোগ স্থাপনের উপরে গুরত্ব দেয়া।
৪. গার্মেন্টস শ্রমিকদের প্রয়োজনীয় পরিষেবাগুলি চিহ্নিত করা এবং সেগুলো প্রদানের ব্যবস্থা করা।

### গঠন উপাদান ১.১: ট্রেড ইউনিয়নের জন্য একটি বিস্তৃত/বিশদ যোগাযোগ অবকাঠামো তৈরী করা

এই অবকাঠামোতে থাকবেঃ

- ট্রেড ইউনিয়নের ডিজিটাল যোগাযোগ ক্ষমতা জোরদার করা
- ইউনিয়ন সদস্যপদ এবং যোগাযোগের তথ্য সম্পর্কিত গার্মেন্টস কর্মীদের একটি কার্যকরী, লিঙ্গভিত্তিক ডেটাবেস/তথ্যভাণ্ডার তৈরি এবং সংরক্ষণ করা
- ইউনিয়নের প্রশিক্ষণ কর্মসূচির বিস্তৃতি ও কার্যকারিতা বাড়ানো

### উপাদান ১.২: শ্রমিক পরিষেবা সরবরাহের জন্য ইউনিয়নের সক্ষমতা উন্নয়ন করা

এই উপাদানটি চাহিদাভিত্তিক শ্রমিক পরিষেবাগুলো সনাক্ত এবং তা প্রদানের ব্যবস্থা করার মাধ্যমে শ্রমিকদেরকে ইউনিয়নে অংশগ্রহণ করতে এবং এর কার্যক্রমের সাথে যুক্ত হতে উত্সাহিত করবে।

**কৌশলগত উদ্দেশ্য ১-এর জন্য প্রধান ফলাফল**

| | |
|---|---|
| ô ওপি-১.১.১. | ট্রেড ইউনিয়নের জন্য একটি যোগাযোগ কৌশল উন্নয়ন এবং বাস্তবায়ন |
| ô ও পি-১.২.১. | ৩-৫ জন কর্মীর চাহিদাভিত্তিক পরিষেবা সনাক্তকরণ, যা জেটিজিসিইউ প্রদান করবে |
| ô ও পি-১.২.২. | ট্রেড ইউনিয়ন সদস্যদের জন্য দুটি নতুন জেটিজিসিইউ পরিষেবা প্রতিষ্ঠা |

**কৌশলগত উদ্দেশ্য-১ এর জন্য মূল দক্ষতা নির্ধারণ সূচক**

| | |
|---|---|
| কেপিআই -১.১.১ | গার্মেন্টস শ্রমিক, বিশেষত জর্ডানীয় এবং অল্প শিক্ষিত শ্রমিকদের মধ্যে জেটিজিসিইউ এবং এর কার্যক্রম সম্পর্কিত সচেতনতার স্তর |
| কেপিআই -১.১.২ | জেটিজিসিইউ-এর কারখানা পর্যায়ের কমিটি সদস্যদের মধ্যে সিবিএ এবং অভিযোগ নিরসন প্রক্রিয়া সম্পর্কে জ্ঞান |
| কেপিআই -১.১.৩ | জেটিজিসিইউ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলির বিস্তৃতি |
| কেপিআই -১.১.৪ | জেটিজিসিইউ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলির সাথে যুক্ততা |
| কেপিআই -১.২.১ | জেটিজিসিইউ শ্রমিক পরিষেবার সক্রিয় সুবিধাভোগীর সংখ্যা |
| কেপিআই -১.২.২ | জেটিজিসিইউ শ্রমিক পরিষেবার সক্রিয় সুবিধাভোগীর সংখ্যার বার্ষিক বৃদ্ধি |

## কৌশলগত উদ্দেশ্য ২: জর্ডানের পোশাক শিল্পে শিল্প সম্পর্ককে এগিয়ে নিয়ে যাওয়া

জর্ডানে গার্মেন্টস শ্রমিকদের অধিকার রক্ষা এবং এদের অগ্রগতির পাশাপাশি খাতটিতে শ্রম বিরোধ ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি কার্যকরী শিল্প সম্পর্ক ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আর তাই, জর্ডানের পোশাক শিল্পে শিল্প সম্পর্কের উন্নয়নকে কৌশলগত প্রাধান্য হিসেবে বিবেচনা করা জেটিজিসিইউর জন্য গুরুত্বপূর্ণ।

গত এক দশক ধরে, জেটিজিসিইউ জর্ডানের পোশাক শিল্পে শিল্প সম্পর্ক ব্যবস্থাকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছে। তবুও, এই ব্যবস্থায় শ্রমিকদের মতামতকে শক্তিশালী করার এবং এর সামগ্রিক দক্ষতা উন্নয়নের যথেষ্ট সুযোগ রয়েছে। খাতটির শিল্প সম্পর্ক ব্যবস্থা আরও বিকাশের বেশ কয়েকটি সুযোগ চিহ্নিত করা হয়েছে:

১. যৌথ দরকষাকষি প্রক্রিয়ায় শ্রমিকদের আরও বেশি সম্পৃক্ত করা
২. শ্রমিকদের অভিযোগের নথিপত্র তৈরি ও সেগুলো সমাধানের জন্য ট্রেড ইউনিয়নের পদ্ধতিগুলি উন্নত করা
৩. জেটিজিসিইউ-এর কর্মক্ষেত্র সংক্রান্ত সমস্যা সম্পর্কে তথ্য সংগ্রহ পদ্ধতিকে জোরদার করা

**গঠন উপাদান ২.১: যৌথ দরকষাকষি প্রক্রিয়াগুলিতে কর্মীদের অংশগ্রহণ বাড়ানো**
এই উপাদানটি সিবিএ আলোচনার বিভিন্ন সময়ে প্রারম্ভিক পর্যায়ে সমস্ত ইউনিয়ন সদস্যদের অংশগ্রহণ বাড়াতে একটি আনুষ্ঠানিক পরামর্শ প্রক্রিয়ার উন্নয়ন ও বাস্তবায়নের সাথে জড়িত থাকবে।

**গঠন উপাদান ২.২: কর্মীদের অভিযোগ পদ্ধতি শক্তিশালী এবং কার্যকর করা**
এই উপাদানটি বিভাগীয় সিবিএ-এর বিধানগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ একটি ইউনিয়ন অভিযোগ নিরসন কলাকৌশল উন্নয়ন ও বাস্তবায়নের পাশাপাশি সিবিএ ব্যবস্থাপনা কমিটি গঠন ও এবং গার্মেন্টস খাতে শিল্প সম্পর্ক যৌথ পরিষদকে সক্রিয়করণের সাথে জড়িত থাকবে।

**গঠন উপাদান ২.৩: কর্মক্ষেত্রের সমস্যাগুলি সনাক্ত করার ক্ষেত্রে ইউনিয়নের সক্ষমতা উন্নয়ন**
এই উপাদানটি জেটিজিসিইউ কর্তৃক গার্মেন্টস কর্মীদের অভিযোগের নথিপত্র তৈরি এবং এই খাতের শিল্প সম্পর্কিত কাজের তথ্য সংগ্রহকে উন্নত করার সাথে জড়িত।

**কৌশলগত উদ্দেশ্য ২-এর জন্য প্রধান ফলাফল**

| | |
|---|---|
| **ও পি -২.১.১** | প্রতি দফা সিবিএ আলোচনার আগে একটি আনুষ্ঠানিক শ্রমিক পরামর্শ প্রক্রিয়া উন্নয়ন ও বাস্তবায়ন |
| **ও পি -২.২.১** | সেক্টরাল সিবিএ-এর বিধানগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ একটি বিস্তারিত অভিযোগ প্রক্রিয়া উন্নয়ন এবং বাস্তবায়ন |
| **ও পি -২.২.২** | সিবিএ পরিচালনা কমিটি প্রতিষ্ঠা ও সক্রিয়করণ |
| **ও পি -২.২.৩** | গার্মেন্টস সেক্টর শিল্প সম্পর্ক যৌথ পরিষদ সক্রিয়করণ |
| **ও পি -** | গার্মেন্টস শ্রমিকদের অভিযোগ নথিভুক্ত করার জন্য একটি বিস্তৃত প্রক্রিয়ার |

| | |
|---|---|
| ২.৩.১ | উন্নয়ন |
| ও পি - ২.৩.২ | গার্মেন্টস শিল্পে শিল্প সম্পর্কিত কার্যকলাপের নথিপত্র সম্বলিত একটি তথ্যভাণ্ডারের উন্নয়ন এবং একে সমৃদ্ধ করা, যেখানে বাস্তবে মাঠ পর্যায়ে সংঘটিত স্বতন্ত্র ধর্মঘট, এগুলোতে অংশগ্রহণকারী শ্রমিকের সংখ্যা এবং প্রতিটি ধর্মঘটের সময়কাল সম্পর্কে পৃথকভাবে তথ্য সরবরাহ করা হয় |

**কৌশলগত উদ্দেশ্য ২-এর জন্য মূল দক্ষতা নির্ধারণ সূচক**

| | |
|---|---|
| কেপিআই -২.০.১ | জর্ডানীয় পোশাক শিল্পে বার্ষিক ধর্মঘটের সংখ্যা |
| কেপিআই -২.০.২ | জর্ডানীয় পোশাক শিল্পে ধর্মঘটে অংশ নেওয়া পোশাক শ্রমিকদের বার্ষিক সংখ্যা |
| কেপিআই -২.০.৩ | জর্ডানীয় পোশাক শিল্পে কাজের বিরতির দিনের সংখ্যা |
| কেপিআই -২.০.৪ | জর্ডানীয় পোশাক শিল্পে সংঘটিত সামগ্রিক বড় ধর্মঘটের সংখ্যা |
| কেপিআই -২.০.৫ | জর্ডানের শ্রম আইন অনুসারে জেটিজিসিইউ কর্তৃক প্রাপ্ত শ্রমিক অভিযোগের কত শতাংশ সমাধান করা হয়েছে |
| কেপিআই -২.১.১ | গার্মেন্টস শ্রমিক, বিশেষত জর্ডানের শ্রমিকদের পাশাপাশি ছোট ঠিকাদার এবং ক্ষুদ্র কারখানার শ্রমিকদের মধ্যে সিবিএ এবং এর বিষয়বস্তু সম্পর্কে সচেতনতার স্তর |

## কৌশলগত উদ্দেশ্য ৩: ইউনিয়নের পরিচালনা এবং সাংগঠনিক ক্ষমতা জোরদার করণ

জর্ডানীয়  পোশাক শিল্পে জেটিজিসিইউর ভূমিকা বিকশিত হচ্ছে। আরও বেশি কর্মচারী এবং সেক্টরাল সিবিএ বাস্তবায়নের সাথে সম্পর্কিত বর্ধিত দায়িত্বসহ যখন এটি পরিচালনার নতুন একটি ধাপে প্রবেশ করে, তখন ট্রেড ইউনিয়নের প্রাতিষ্ঠানিক কাঠামোটিকেও তার পরিবর্তিত ভূমিকার সাথে তাল মিলিয়ে বিকশিত করা অপরিহার্য হয়ে পড়ে। ট্রেড ইউনিয়নের পরিচালনা ও সাংগঠনিক সক্ষমতা জোরদার করে জেটিজিসিইউ আরও স্থিতিশীল প্রাতিষ্ঠানিক ভিত্তি প্রতিষ্ঠা করবে, যার উপরে এটি ভবিষ্যত সাফল্যের ভিত্তি তৈরি করতে পারবে।

এছাড়াও, জেটিজিসিইউ আর্থিকভাবে স্বনির্ভর এবং টেকসই হলে শ্রমিকদের স্বার্থ রক্ষার প্রতিনিধিত্ব করতে সবচেয়ে ভালোভাবে সক্ষম হবে। সাম্প্রতিক বছরগুলিতে, সদস্যপদের পাওনা থেকে রাজস্ব কমানো ট্রেড ইউনিয়নের জন্য একটি চ্যালেঞ্জে পরিণত হয়েছে। আর তাই, সংস্থার আর্থিক ভবিষ্যত সুরক্ষিত করা জেটিজিসিইউ-এর জন্য একটি কৌশলগত প্রাধান্য হয়ে দাঁড়িয়েছে।

**গঠন উপাদান ৩.১: ট্রেড ইউনিয়ন গণতন্ত্রকে শক্তিশালী করার জন্য একটি বিস্তৃত কৌশল উন্নয়ন**

এই উপাদানটি সকল পর্যায়ের ইউনিয়ন নির্বাচনে প্রার্থী হিসাবে অংশগ্রহন এবং ভোটদানসহ শ্রমিকদের অংশগ্রহণকে উত্সাহিত করবে। এটি বিবিধ শ্রমিকের অংশগ্রহণ এবং প্রতিনিধিত্ব নিশ্চিত করার বিষয়টি বিশেষ বিবেচনায় রাখবে, যেখানে মহিলা শ্রমিক, অভিবাসী শ্রমিক এবং প্রতিনিধিত্বহীন পেশাসমূহের অন্তর্ভুক্ত শ্রমিকদের জন্য আলাদা ধারা/গঠন উপাদান থাকবে।

**গঠন উপাদান ৩.২: ইউনিয়নের সাধারণ পরিষদের ভূমিকা বৃদ্ধি করণ**

এই উপাদানটির উদ্দেশ্য সাধারন সমাবেশের বার্ষিক সভার সাথে ট্রেড ইউনিয়ন সদস্যদের যুক্ত হওয়া এবং ইউনিয়ন সদস্যদের ইউনিয়ন কার্যক্রম পর্যবেক্ষণ ও তদারকিতে তাদের ভূমিকা পালন করার জন্য প্রয়োজনীয় তথ্য লাভের অনুমতি রয়েছে কিনা, তা নিশ্চিত করা।

**গঠন উপাদান ৩.৩: ইউনিয়ন কমিটিসমূহ পরিচালনা**

এই উপাদানটি ভোটদান, প্রার্থীতার শর্ত, গঠনমালা, মেয়াদ সীমা, সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, অভিযোগ নিরসন পদ্ধতি এবং বৈঠকের সময়সূচী সম্পর্কিত বিষয়গুলি সহ ট্রেড ইউনিয়নের কমিটি গঠন ও কার্য পরিচালনার জন্য আনুষ্ঠানিক উপবিধির খসড়া তৈরীর সাথে সম্পৃক্ত থাকবে।

**গঠন উপাদান ৩.৪: ইউনিয়নের সভাপতির কাজে সহায়তার জন্য বিষয়ভিত্তিক উপকমিটি গঠন**

এই কমিটিগুলি মহিলা কমিটির চলমান কাজের পাশাপাশি একটি যোগাযোগ ও প্রচার উপকমিটি এবং একটি শিল্প সম্পর্ক উপকমিটিও গঠন করবে।

**গঠন উপাদান ৩.৫: অঞ্চল পর্যায়ে অভিবাসী শ্রমিক কমিটিগুলি সক্রিয় করণ**

এই উপাদানটি জেটিজিসিইউতে অভিবাসী শ্রমিকদের প্রতিনিধিত্বকে জোরদার করার সাথে সাথে অঞ্চল পর্যায়ে অভিবাসী শ্রমিক কমিটি প্রতিষ্ঠার পূর্ববর্তী উদ্যোগটি পুনরায় সক্রিয় করার সাথে জড়িত থাকবে, যা কোভিড-১৯ মহামারী দ্বারা ব্যাহত হয়েছিল।

**গঠন উপাদান ৩.৬: ইউনিয়নের জন্য একটি বিস্তৃত বকেয়া আদায়ের কৌশল উন্নয়ন এবং বাস্তবায়ন**

এই কৌশলটি ইউনিয়নের সদস্যপদ বাড়ানোর কার্যক্রমে জড়িত থাকার পাশাপাশি দক্ষতার সাথে সদস্যপদের বকেয়া থেকে রাজস্ব বরাদ্দের পরিকল্পনাও করবে।

**গঠন উপাদান ৩.৭: একটি পর্যবেক্ষণ এবং মূল্যায়ন অবকাঠামো উন্নয়ন এবং বাস্তবায়ন**
এই উপাদানটি ইউনিয়নের নেতা এবং সদস্যদেরকে ইউনিয়নের কার্যক্রমের প্রভাব মূল্যায়নের সুযোগ তৈরি করে দেয়ার জন্য একটি পর্যবেক্ষণ এবং মূল্যায়ন অবকাঠামো উন্নয়ন ও বাস্তবায়নের সাথে জড়িত থাকবে।

**কৌশলগত উদ্দেশ্য ৩-এর জন্য প্রধান ফলাফল**

| | |
|---|---|
| ♁ **ওপি** - **৩.১.১** | ট্রেড ইউনিয়ন গণতন্ত্রকে জোরদার করার কৌশল উন্নয়ন ও বাস্তবায়ন |
| ♁ **ওপি** - **৩.২.১** | ইউনিয়নের সদস্যদের প্রতিনিধিদের উপস্থিতিতে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ অধিবেশন সভা |
| ♁ **ওপি** - **৩.৩.১** | কারখানা-পর্যায়ের ট্রেড ইউনিয়ন কমিটি, অঞ্চল-পর্যায়ের অভিবাসী শ্রমিক ট্রেড ইউনিয়ন কমিটি এবং কার্যনির্বাহী কমিটির উপকমিটি গঠন ও কার্য সম্পাদনের জন্য সাধারণ পরিষদ কর্তৃক আনুষ্ঠানিক উপধারার খসড়া প্রস্তুত এবং গ্রহণ |
| **ওপি** - **৩.৪.১** | একটি যোগাযোগ এবং প্রচার উপকমিটি এবং একটি শিল্প সম্পর্কিত উপকমিটি প্রতিষ্ঠা |
| **ওপি** - **৩.৪.২** | সমস্ত উপকমিটির জন্য অনুষ্ঠিত মাসিক সভা এবং প্রস্তুতকৃত ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন |
| ♁ **ওপি** - **৩.৪.৩** | মহিলাদের উপ-কমিটি প্রণীত লিঙ্গ সমতার বিষয়ে জেটিজিসিইউ-এর বিবৃতি, যা ট্রেড ইউনিয়নের কার্যনির্বাহী কমিটি দ্বারা গৃহীত এবং ইউনিয়ন সদস্যদের কাছে প্রচারিত |
| **ওপি** - **৩.৫.১** | তিনটি শিল্প অঞ্চলের সবগুলোর জন্য নির্বাচিত অঞ্চল-পর্যায়ের অভিবাসী শ্রমিক কমিটি |
| **ওপি** - **৩.৫.২** | সমস্ত অঞ্চল-পর্যায়ের শ্রমিক কমিটির জন্য অনুষ্ঠিত মাসিক সভা |
| **ওপি** - **৩.৬.১** | ট্রেড ইউনিয়নের জন্য বকেয়া আদায়ের কৌশল উন্নয়ন এবং বাস্তবায়ন |
| **ওপি** - **৩.৭.১** | ফলাফল ভিত্তিক দিকনির্দেশনা সহ প্রধান কার্যকারিতার স্মার্ট (এসএমএআরটি) সূচকযুক্ত জেটিজিসিইউ কৌশলগত পরিকল্পনা ২০২১-২০২৬ এর জন্য একটি পর্যবেক্ষণ এবং মূল্যায়ন অবকাঠামোর উন্নয়ন ও বাস্তবায়ন। |
| **ওপি** - **৩.৭.২** | কৌশলগত পরিকল্পনার মূল দক্ষতা সূচকগুলির পর্যালোচনা (যা ২০২৩ সালে পরিচালিত হবে) |

**কৌশলগত উদ্দেশ্য ৩-এর জন্য মূল দক্ষতা নির্ধারণ সূচক**

| | |
|---|---|
| **কেপিআই** -৩.১.১ | কারখানা ও জাতীয় পর্যায়ে ইউনিয়ন নির্বাচনের প্রতিযোগিতা |
| **কেপিআই** -৩.১.২ | কারখানা ও জাতীয় পর্যায়ের ইউনিয়ন নির্বাচনে ভোটারদের ভোটের সংখ্যা |
| **কেপিআই** -৩.২.১ | সাধারণ পরিষদে প্রতিনিধিত্ব করা পোশাক শ্রমিকদের অনুপাত |
| **কেপিআই** -৩.২.২ | লিঙ্গ, জাতীয়তা এবং পেশা অনুযায়ী সাধারণ পরিষদে অংশগ্রহণকারীদের প্রতিনিধিত্ব |
| **কেপিআই** -৩.৫.১ | প্রবাসী পোশাক শ্রমিকদের মধ্যে ট্রেড ইউনিয়ন এবং এর কার্যক্রম সম্পর্কে সচেতনতার স্তর |
| **কেপিআই** -৩.৬.১ | সদস্যপদের পাওনা থেকে জেটিজিসিইউয়ের বার্ষিক আয় |
| **কেপিআই** -৩.৬.২ | পাওনা পরিশোধিত জেটিজিসিইউ সদস্যদের সংখ্যা |
| **কেপিআই** -৩.৬.৩ | পাওনা পরিশোধিত জেটিজিসিইউ সদস্যদের বার্ষিক বৃদ্ধির শতকরা হার |